কোটচাঁদপুরে গণঅভ্যুত্থানে আহত ও শহীদদের স্মরণসভা অনুষ্ঠিত

ঝিনাইদহের কোটচাঁদপুর ২০২৪ সালের জুলাই- আগস্টে ছাত্র- জনতার গণঅভ্যুত্থানে আহত ও শহীদদের স্মরণে তাদের পরিবারের সদস্যদের উপস্থিতিতে স্মরণসভা অনুষ্ঠিত হয়।

আজ বৃহস্পতিবার সকাল ১১ টায় কোটচাঁদপুর অফিসার্স ক্লাবে এই সভা অনুষ্ঠিত হয়।

উপজেলা নির্বাহী অফিসার উছেন মের সভাপতিত্বে অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন কোটচাঁদপুর উপজেলা স্বাস্থ্য পরিবার ও পরিকল্পনা কর্মকর্তা আমানউল্লাহ, কোটচাঁদপুর মডেল থানার ওসি (তদন্ত) স্বপন কুমার, প্রাণী সম্পদ কর্মকর্তা জিল্লুর রহমান, প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা জহুরুল ইসলাম,পল্লীসঞ্জয় কর্মকর্তা শাইলা শারমিন, উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার অশোক সরকার, মহিলা বিষয়ক কর্মকর্তা শিলা বেগম, প্রাথমিক শিক্ষক কর্মকর্তা সাখি সালমা, একাডেমিক সুপারভাইজার ফারুক হোসেন, কোটচাঁদপুর পাইলট মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক মফিজুর রহমান, বালিকা বিদ্যালয়ের প্রধান শিক্ষক ইছাহক আলী।

এছাড়াও বক্তব্য রাখেন ঝিনেদাহ বৈষম্য বিরোধী ছাত্র আন্দোলন আহ্বায়ক কমিটির সংগঠক হৃদয় আহসান, সাইফুল ইসলাম শিলু, তুহিন রহমান।

তত্ব কর্মকর্তা তানিয়া সুলতানার সঞ্চালনায় বৈষম্য বিরোধী ছাত্র আন্দোলনের যুগ্ম সদস্য সচিব আল শাহরিয়ার অভিক, ফায়েজ আহম্মেদ, দেলোয়ার হোসেন দিলু, মোহাম্মদ আবীর হোসেন, আল মাসুদ প্রত্যয়, হাবিবুর রহমান সহ অনেকে।

[redacted]

[redacted]

গাংনীতে দিনব্যাপি “শান্তি ও সম্প্রীতি সংলাপ, প্রেক্ষিত গাংনী উপজেলা’ অনুষ্ঠিত

“স্থানীয় পর্যায়ে শান্তি-সম্প্রীতি সৃষ্টি করতে বৈষম্যহীন সমাজ, পরমতসহিষ্ণুতা, পারস্পরিক আস্থা, বিশ্বাস আর সহযোগিতার কোনো বিকল্প নেই।’

আজ মঙ্গলবার (২৬ নভেম্বর) দি হাঙ্গার প্রজেক্ট বাংলাদেশের গাংনী এরিয়া অফিস চত্তরে আয়োজিত “শান্তি ও সম্প্রীতি সংলাপ, প্রেক্ষিত গাংনী উপজেলা’ আয়োজিত শান্তি ও সম্প্রীতি সংলাপে এসব কথা বলেন অংশগ্রহণকারী ভিন্ন রাজনৈতিক দলের বক্তারা।

দি হাঙ্গার প্রজেক্টের সহযোগীতায় পিস ফ্যাসিলিটেটর গ্রুপ (পিএফজি) গাংনী উপজেলা শাখা দিনব্যাপি এই সংলাপের আয়োজন করে।

সুশাসনের জন্য নাগরিক (সুজন) গাংনী শাখার সভাপতি বীর মুক্তিযোদ্ধা মোজাম্মেল হকের সভাপতিত্বে অনুষ্ঠিত এই সংলাপ অনুষ্ঠানে আমন্ত্রিত অতিথি ছিলেন, মেহেরপুর জেলা বিএনপির সহসভাপতি, গাংনী পাইলট স্কুল এন্ড কলেজের অবসরপ্রাপ্ত প্রধান শিক্ষক ও গাংনী মহিলা ডিগ্রি কলেজের পরিচালনা পর্ষদের সভাপতি আব্দুর রাজ্জাক, জাতীয় কন্যা শিশু এডভোকেসি ফোরামের মেহেরপুর জেলা শাখার সভাপতি ও পিএফজির উপদেষ্টা সাংস্কৃতিক সংগঠক সিরাজুল ইসলাম, বাংলাদেশ জামায়াত ইসলাম’র গাংনী উপজেলা শাখার সূরা সদস্য ও গাংনী উপজেলা পরিষদের সাবেক ভাইসচেয়ারম্যান মোস্তাফিজুর রহমান সংগ্রাম, সুশাসনের জন্য নাগরিক (সুজন) মেহেরপুর জেলা শাখার সাধারণ সম্পাদক ও লুৎফুন্নেছা মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক সৈয়দ জাকির হোসেন,বাংলাদেশ আওয়ামীলীগের প্রতিনিধি মনিরুজ্জামান আতু, মেহেরপুর জেলা যুবদলের সিনিয়র সহসভাপতি আব্দাল হক, সুশাসনের জন্য নাগরিক (সুজন) গাংনী শাখার সাধারণ সম্পাদক ও করমদি ডিগ্রি কলেজের শিক্ষক আবু সাদাদ মোহাম্মদ সায়েম পল্টু, মেহেরপুর জেলা মহিলা দলের সাধারণ সম্পাদক ও গাংনী উপজেলা মহিলা ভাইসচেয়ারম্যান লাইলা আরজুমান বানু, গাংনী উপজেলা শাখা জাতীয় পার্টির সভাপতি হাজি আব্দুল লতিফ, বিএনপি নেতা ও গাংনী উপজেলা পরিষদের সাবেক ভাইসচেয়ারম্যান জুলফিকার আলী ভূট্টো, সিনিয়র সাংবাদিক জুলফিকার

আলী কানন, পিএফজির গাংনী উপজেলা শাখার সমন্বয়ক রফিকুল ইসলাম বকুল, বাংলাদেশ কমিউনিষ্ট পার্টির গাংনী উপজেলা শাখার সভাপতি কমরেড হাসেম আলী, গাংনী মডেল মসজিদের পেশ ইমাম মাওলানা জাহিদুর রহমান, বাংলাদেশ পূজা উদযাপন পরিষদের মেহেরপুর জেলা শাখার সদস্য অশোক চন্দ্র বিশ্বাস, জাতীয়তাবাদী ছাত্রদলের মেহেরপুর জেলা শাখার সাধারণ সম্পাদক সাজেদুর রহমান বিপ্লব, বৈষম্য বিরোধী ছাত্র আন্দোলনের মেহেরপুর জেলা শাখার সদস্য সচিব মোজাহিদুল ইসলাম, যুগ্ম সচিব সাদ্দাম হোসেন, স্থানীয় স্কুল শিক্ষক আকলিমা খাতুন। এছাড়া বিভিন্ন সামাজিক সাংস্কৃতিক সংগঠনের নেতৃবৃন্দ উপস্থিত ছিলেন।

দি হাঙ্গার প্রজেক্ট বাংলাদেশের গাংনী এরিয়া অফিসের সমন্বয়ক হেলাল উদ্দিনের সঞ্চালনায় অনুষ্ঠিত “শান্তি ও সম্প্রীতি সংলাপে” অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন, সংস্থার দি হাঙ্গার প্রজেক্ট বাংলাদেশের যশোর অঞ্চলের সমন্বয়ক খোরশেদ আলম, যশোর অফিসের সমন্বয়ক গিয়াস উদ্দীন প্রমুখ।

সাম্প্রতিক ঘটনাপ্রবাহ তুলে ধরে সংলাপ অনুষ্ঠানের বক্তারা আরও বলেন, গণতন্ত্রকে প্রাতিষ্ঠানিক রূপ দিতে রাজনৈতিক দলগুলোর স্থানীয় নেতৃবৃন্দের মধ্যে শ্রদ্ধা ও ভ্রাত্তত্ববোধ বজায় রাখার কোনো বিকল্প নেই। রাজনৈতিক দলগুলোর নেতৃবৃন্দের মধ্যে শ্রদ্ধা ও ভ্রাতৃত্ববোধ তৈরী হলে স্থানীয় পর্যায়ে আইনের শাসনও প্রতিষ্ঠিত হবে, এতে বন্ধ হবে সমাজের অস্থিরতা ও সহিংসতা।

তাঁরা আরও বলেন, সমাজের কিছু ধর্মান্ধ নিজ স্বার্থ চরিতার্থ করতে ভিন্ন ধর্মালম্বীদের ওপর উস্কানি দিয়ে সাম্প্রদায়িক সম্প্রীতি বিনষ্টের চেষ্টা করে। এসব উস্কানিদাতাদের চিহিৃত করে সকলে মিলে তাঁদের বিরুদ্ধে প্রতিরোধ গড়ে তুলতে হবে। সকল রাজনৈতিক দল, সকল ধর্মের ও শ্রেণী পেশার মানুষের সম-অধিকার, সুযোগের সমতা ও সমমর্যাদা গড়ে তুলতে হবে।

সংলাপে উপস্থিত গাংনী মডেল মসজিদের পেশ ইমাম মাওলানা জাহিদুল ইসলাম ও হিন্দু ধর্মীয় নেতা অশোক চন্দ্র বিশ্বাস উভয়ই বলেন, ‘সব ধর্মের মূল বাণী হচ্ছে মানবকল্যাণ।

সাম্প্রতিক সনাতন ধর্মালম্বীদের সবচেয়ে বড় উৎসব “স্বারদীয় দূর্গোৎসব” বাংলাদেশের সংকাবিহীনভাবে পালনের উজ্জল দৃষ্টান্ত উল্লেখ করে তাঁরা বলেন, এদেশের সকল ধর্মের মানুষ এক সাথে পূজা

উৎযাপন করেছে। যা আবহমান বাঙালি সংস্কৃতিতে বিদ্যমান অসাম্প্রদায়িক চেতনা, পারস্পরিক ঐক্য, সৌহার্দ্য ও সম্প্রীতির একটি উজ্জল দৃষ্টান্ত স্থাপন করেছে। তাই আমাদের এই ধর্মীয় মূল্যবোধকে দেশ ও জনকল্যাণে কাজে লাগাতে হবে ।

অনুষ্ঠানে বৈষম্য বিরোধী দুই ছাত্রনেতা মোজাহিদ ও সাদ্দাম হোসেন বলেন, ‘বাংলাদেশ সাম্প্রদায়িক সম্প্রীতির দেশ। সাম্প্রদায়িক সম্প্রীতি আমাদের সংস্কৃতির অনন্য বৈশিষ্ট্য। অগ্রগতি ও সমৃদ্ধি ত্বরান্বিত করতে সমাজে বিদ্যমান সম্প্রীতি ও পারস্পরিক সৌহার্দ্য অটুট রাখতে হবে।’

মেহেরপুরে কৃষক দলের প্রস্তুতি সভা অনুষ্ঠিত

মেহেরপুরে সংখ্যাগরিষ্ট কৃষক জনগোষ্ঠিকে সংগঠিত করার লক্ষে জেলা কৃষক দলের প্রস্তুতি সভা অনুষ্ঠিত হয়েছে।

আজ শুক্রবার বিকালে জেলা শিল্প কলা একাডেমি মিলনায়তনে অনুষ্ঠিত প্রস্তুতি সভায় সভাপতিত্ব করেন জেলা কৃষকদলের আহবায়ক মাহাবুবুর রহমান।

জেলা কৃষক দলের সদস্য সচিব মিজানুর রহমানের সঞ্চলনায় বিশেষ অতিথির বক্তব্য রাখেন সাবেক এমপি ও জেলা বিএনপির সভাপতি মাসুদ অরুণ।

তিনি বলেন, জুলাই বিপ্লবের রক্তপাতের মধ্য দিয়ে হাজারো ছাত্রজনতার রক্তে রঞ্জিত একটি সরকার এসেছে ঠিক, তবে গণতন্ত্রের সংগ্রাম শেষ হয়ে যায়নি। কেবলমাত্র হাসিনা পালিয়েছে গণতন্ত্রের সংগ্রাম এখনো পড়ে আছে। গণতন্ত্রের অন্যতম শর্ত ভোটের অধিকার। সেই ভোটের অধিকার যদি প্রতিষ্ঠা করতে আমরা ব্যর্থ হই জনগনের কোনো অধিকার প্রতিষ্ঠা লাভ করবে না। তিনি বলেন, যারা কৃষক শ্রমিক মেহনতি মানুষের কথা ভাবে যারা প্রান্তিক মানুষের কথা ভাববে সেইসব মানুষদেরকে পার্লামেন্টে নিয়ে আসতে হবে, তবেই

কেবলমাত্র কৃষক সমাজের মেহনতি মানুষের মুক্তি সম্ভব।

সভায় প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন কৃষকদলের কেন্দ্রীয় নেতা ও খুলনা বিভাগীয় সাংগঠনিক সম্পাদক মোঃ ওসমান আলী বিশ্বাস।

প্রধান বক্তা হিসেবে বক্তব্য রাখেন কৃষকদলের কেন্দ্রীয় দপ্তর সম্পাদক মোঃ শফিকুল ইসলাম শফিক, সহত্রাণ ও পুনর্বাসন সম্পাদক মোঃ আআখতারুজ্জামান সজল।

অন্যদের মধ্যে বক্তব্য রাখেন মেহেরপুর সদর উপজেলা কৃষকদলের আহবায়ক আজিজুল হক, সদস্য সচিব মেরাজ উদ্দিন, গাংনী উপজেলা কৃষক দলের আহবায়ক মোতালেব হোসেন, সদস্যসচিব মোখলেসুর রহমান, মুজিবনগর উপজেলা কৃষকদলের আহবায়ক আরমান আলী, সদস্যসচিব কুন্নত আলী ও কৃষকদল নেতা এস.এম মকিদুর রহমানসহ উপস্থিত নেতৃবৃন্দ।

দর্শনায় শহীদ আবু সাঈদ ও মীর মুগ্ধ স্মৃতি ফুটবল টুনার্মেন্ট সেমি ফাইনাল অনুষ্ঠিত

দর্শনা রামনগর মাথাভাঙ্গা যুব সংঘের উদ্যোগে শহীদ আবু সাঈদ ও মীর মুগ্ধ স্মৃতি ফুটবল টুনার্মেন্ট সেমি ফাইনাল খেলা অনুষ্ঠিত হয়েছে।

আজ শুক্রবার বিকাল ৪ টার দিকে রামনগর ফুটবল মাঠে এ সেমিফাইনাল খেলা অনুষ্টিত হয়।

এ সেমিফাইনাল খেলায় যশোর জেলা কল্যান একাদশ সমিতিকে ২-০ গোলে পরাজিত করে পাবনা আয়ুব খান স্মৃতি ফুটবল একাদশ ফাইলালে উঠেছে। খেলার প্রথম পযার্য়ে খেলায় কোন দল কোন গোল করতে পারেনি। তবে দ্বিতীয় পর্বের খেলায় পাবনা আয়ুব স্মৃতি ফুটবল একাদশের ৯নং খেলোয়ার কাওছার আলী ৪৭ মিনিটের সময় ১ম গোলটি করে এবং ১১ নং

খেলোয়ার ৫৫ মিনিটের সময় দ্বিতীয় গোলটি করেন বিপ্রো। ফলে ২-০ গোলে যশোর জেলা কল্যান একাদশকে পরাজিত করে পাবনা আয়ুব খান স্মৃতি ফুটবল একাদশ।

সেমিফাইনাল খেলায় প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন শফিকুল ইসলাম সাবু বিপ্রোকে সেরা খেলোয়ারের হিসাবে পুরুস্কার তুলে দেন। রেফারীর দায়িত্ব পালন করেন নিপুন এবং লাইচম্যান হিসাবে দায়িত্বে ছিলেন আলো ও রবিউল ইসলাম। রামাযুষের সভাপতি জহির রায়হানের সভাপতিত্বে অনুষ্ঠিত সেমি ফাইনাল খেলায় প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন, জেলা বিএনপির শ্রমিক দলের সাধারণ সম্পাদক শফিকুল ইসলাম সাবু।

বিশেষ অতিথি হিসাবে দর্শনা পল্লী বিদ্যুৎ অফিসের সহকারী জেনারেল ম্যানেজার শামীম উদ্দিন, দর্শনা পৌর বিএনপির সাবেক সিনিয়ার সহ-সভাপতি ও প্রধান সমন্বয়ক হাবিবুর রহমান বুলেট, দর্শনা প্রেসক্লাবের সভাপতি ইকরামুল হক পিপুল, দর্শনা সরকারী কলেজের সাবেক ভিপি হারুন অর রশিদ, দর্শনা পৌর বিএনপির সাবেক সংগঠনিক সম্পাদক নাহারুল ইসলাম, দর্শনা প্রেসক্লাবের সাবেক সভাপতি আওয়াল হোসেন,দর্শনা পৌর বিএনপির যুবদলের সদস্য সচিব রফিকুল হাসান, সাবেক দর্শনা পৌরদলের সাধারণ সম্পাদক আহসান হাবিব মামুন, থানা বিএনপির সহ-সভাপতি বীর মুক্তিযোদ্ধা রেজাউল করিম। মদনা পারকৃষ্ণপুর ইউনিয়ন বিএনপির সভাপতি জসিম উদ্দিন। তবে আজকের খেলায় দর্শক গ্যালারীতে ছিলো পরিপূর্ণ উপচে পড়া ভীর ও মাঠ ভর্তি দর্শক ছিলো দেখার মত। সমগ্র ফুটবল খেলার ধারা ভাষ্য দেন হাসান গাজী ও সবুজ হোসেন। অনুষ্ঠান পরিচালনা করেন জাহান আলী।

কোন রাজনৈতিক দলকে নিষিদ্ধের পক্ষে নয় জামায়াত– অধ্যাপক মিয়া গোলাম পরওয়ার

রাস্ট্র সংস্কারের পর যৌক্তিক সময়ে নির্বাচন হবে। এই যৌক্তিক সময় কতদিন বা কত বছর তা নির্দিষ্ট করে বলা যাবে না। নির্বাচন

কমিশন, পুলিশ প্রশাসন ও নির্বাহী বিভাগ সংস্কারের পর সুষ্ঠু নির্বাচনের পরিবেশ তৈরি হলেই নির্বাচন হতে পারে।

আজ শুক্রবার (২২ নভেম্বর) বিকেলে মেহেরপুরের ড:শহীদ সামনুজ্জোহা পার্কে জামায়াতের কর্মী সম্মেলনে প্রধান অতিথির বক্তব্যে এ কথাগুলো বলেন জামায়াতের সেক্রেটারি জেনারেল অধ্যাপক মিয়া গোলাম পরওয়ার।

তিনি আরও বলেন, বিএনপিসহ দেশের সব রাজনৈতিক সংগঠনের সাথে জামায়াতের গভীর সম্পর্ক রয়েছে। ইসলামী আন্দোলনের দলগুলোসহ সব দলের সাথে সংলাপ চলছে। গণতন্ত্রের স্বার্থে যারা ঐক্যবদ্ধ থাকবে তাদের সাথেই জোটবোদ্ধ নির্বাচন করবে জামায়াত।

ছাত্রলীগের নিষিদ্ধের বিষয়ে তিনি বলেন, ৫ আগস্টের চারদিন আগে জামায়াতকে নিষিদ্ধ করা হয়েছিল। কিন্তু তারপর চারদিনও টিকতে পারেনি আওয়ামী লীগ ও ছাত্রলীগ। জনরসে পড়ে দেশ ছেড়ে ভারতে পালাতে বাধ্য হয়েছে শেখ হাসিনা ও তার আত্মীয় স্বজন। তার বিচার জনগণই করবে। তারা নির্বাচনে আসতে পারবে কিনা সেটি জনগণের উপর নির্ভর করবে। তবে কোন দলকে নিষিদ্ধের পক্ষে নয় জামায়াত। আইনি প্রক্রিয়ায় খুনি শেখ হাসিনাকে বিচারের আওতায় এনে শাস্তি কার্যকর করা হবে বলেও তিনি জানান।

জেলা জামায়াতের আমির মাওলানা তাজউদ্দিন খানের সভাপতিত্বে সম্মেলনে বিশেষ অতিথির বক্তব্য রাখেন জাময়াতের কেন্দ্রীয় পরিষদের সদস্য মোবারক হোসাইন ও কেন্দ্রীয় নেতৃবৃন্দ।

এসময় অন্যান্যদের মধ্যে বক্তব্য রাখেন, জেলা জামায়াতের নায়েবে আমীর মাওলানা মাহবুব উল আলম, সেক্রেটারি ইকবাল হোসেন, সদর উপজেলা আমীর মাওলানা সোহেল রানা, গাংনী উপজেলা জামায়াতের আমীর ডাক্তার রবিউল ইসলাম, মেহেরপুর পৌর জামায়াতের আমীর সোহেল রানা ডলার, গাংনী পৌর জামায়াতের আমীর আহসানুল হক।

কর্মী সম্মেলনে হাজার হাজার জামাত কর্মীরা অংশ নেয়।

দামুড়হুদা এসএসসি ৯১ ব্যাচের উদ্যোগে ফ্রী মেডিকেল ক্যাম্পেইন অনুষ্ঠিত

দামুড়হুদা সরকারি পাইলট হাই স্কুলের এসএসসি ৯১ ব্যাচের রাজশাহী মেডিকেল কলেজ ও হাসপাতালের সহযোগী অধ্যাপক ডাঃ আবু শাহিনের উদ্যোগে ফ্রী মেডিকেল ক্যাম্পেইন অনুষ্ঠিত হয়েছে।

আজ বৃহস্পতিবার বেলা দশটার দিকে দামুড়হুদা পাইলট সরকারি হাই স্কুল মাঠে ফ্রী ক্যাম্পেইন ও আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

আলোচনা সভা অনুষ্ঠানে আব্দুল ওদুদ শাহ ডিগ্রী কলেজের সহকারি অধ্যাপক শরিফুল ইসলাম মিঠুর সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন দামুড়হুদা থানা বিএনপির সভাপতি মনিরুজ্জামান মনির। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন দামুড়হুদা থানা বিএনপি’র সাধারণ সম্পাদক রফিকুল হাসান তনু।দামুড়হুদা সরকারি পাইলট হাই স্কুলের প্রধান শিক্ষক নজরুল ইসলাম।

দামুড়হুদা সরকারি পাইলট হাই স্কুলের এসএসসি ৯১ ব্যাচের ছাত্র রাজশাহী মেডিকেল কলেজ ও হাসপাতালের সহযোগী অধ্যাপক ডাঃ আবু শাহিন দামুড়হুদা থানাধীন এলাকার প্রায় ৩শত জন রোগিকে ফ্রী চিকিৎসা প্রদান করেন। এলাকার সন্তান তুল্য ডাক্তারের নিকট চিকিৎসা নিতে আসা সাধারণ মানুষ ডাক্তারের দীর্ঘজীবি কামনা করেন।

অনুষ্ঠানটি পরিচালনা করেন চুয়াডাঙ্গা সরকারি কলেজের অধ্যাপক জাহিদুল হাসান মিল্টন।

দামুড়হুদা উপজেলা শুমারি

[redacted]

[redacted]

[redacted]

[

[redacted]

[redacted]

ঝিনাইদহে দুরপাল্লার সাঁতার প্রতিযোগিতা অনুষ্ঠিত

সাঁতার শিখনে সচেতনতা বাড়াতে ঝিনাইদহে দুরপাল্লার সাঁতার প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়েছে। ‘সাতার একটি জীবন রক্ষাকারী দক্ষতা’ এ শ্লোগানকে সামনে রেখে এবিএম, বিআইএন ফাউন্ডেন ও সিটিজেন নেটওয়ার্কের সহযোগিতায় এ প্রতিযোগিতার আয়োজন করে সেফ সুইমিং একাডেমি।

আজ রোববার (১৭ নভেম্বর) বিকেলে শহরের পৌর ইকোপার্ক এলাকা থেকে সাঁতার প্রতিযোগিতা শুরু হয়। প্রায় ২ কিলোমিটার এ প্রতিযোগিতায় অংশ নেয় শহরের বিভিন্ন সাঁতার একাডেমীর ১৮ জন সাতারু। যা দেখতে নদীর পাড়ে ভীড় করে নানা শ্রেণিপেশার শত শত মানুষ। ২ কিলোমিটার নদীপথ পাড়ি দিয়ে পুরাতন ধোপাঘাটা ব্রীজ এলাকায় গিয়ে শেষ হয় এ প্রতিযোতিায়। এতে প্রথম হয় সদর উপজেলা ভুটিয়ারগাতি গ্রামের সাতারু সুজা উদ্দিন। পরে বিজয়ী ও অংশগ্রহণকারীদের মাঝে পুরস্কার বিতরণ করা হয়।

অনুষ্ঠানে জেলা ক্রীড়া অফিসার মিজানুর রহমান, প্রকৌশলী হাসিবুল কবির, সেফ সুইমিং একাডেমির পরিচালক মাহাফুজুর রহমান বিপ্লব, কাজী আলী আহম্মেদ লিকু, সাঁতারু সংগঠক নাজিম উদ্দিন জুলিয়াস, সাংস্কৃতিক কর্মী শাহিনুর আলম লিটন, গাউস গৌর্কি, পদ্মা সমাজ কল্যাণ সংস্থার চেয়ারম্যান হাবিবুর রহমানসহ অন্যান্যরা উপস্থিত ছিলেন।

আয়োজক মাহাফুজুর রহমান বিপ্লব বলেন, নদীমাতৃক দেশে সাঁতার না জানা একটি অভিশাপ। আমরা সকলকে সাঁতারের গুরুত্ব ও প্রয়োজনীয়তা জানাতে এই আয়োজন করেছি।